



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২-২২৩৩৮৮৯৮
ই-মেইল dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/ক্রেবি-শাখা-০১/৩(৭)/২০২২-২৩/ ২০৫৫ (১২৫০)

তারিখঃ ১৯/০২/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ঋণ অনুমোদন/নবায়নে নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ এবং ঋণ ফাইলে যথাযথভাবে সংরক্ষণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ০৬.০২.২০২৩ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে **বৈধি সংশ্লিষ্ট**।

০২। বিআরপিডি সার্কুলার লেটার নং-৩১, ২৯.০৬.২০২১ এর মাধ্যমে CMSME সেক্টরের কটেজ (C), মাইক্রো (M) এবং ক্ষুদ্র (S) সাব-সেক্টরের যেসকল প্রতিষ্ঠান ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় উল্লিখিত সংজ্ঞানুযায়ী জনস্বার্থ সংস্থা হিসেবে বিবেচিত হবে, যেসকল প্রতিষ্ঠানের ঋণ অনুমোদন/নবায়নের সময় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস কর্তৃক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং স্টেকহোল্ডারদের জন্য প্রণীত Statutory Audit Report গ্রহণ করে তা বাধ্যতামূলক ০১ জানুয়ারী ২০২৩ তারিখ হতে যথাযথভাবে ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। এ সংক্রান্ত বিষয়ে অত্র বিভাগের ০৬.০৭.২০২১ তারিখের পত্র নং- বিকেবি-প্রকা/ক্রেবি-১/৩(৭)/২০২১-২২/৩১(১২৫০) মূলে মাঠকার্যালয়ে পত্র জারী করা হয়েছে।

০৩। এফ্রণে, বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় এবং CMSME সেক্টরে ঋণের প্রবাহ বৃদ্ধির মাধ্যমে দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডকে গতিশীল করার লক্ষ্যে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, CMSME সেক্টরের কটেজ (C), মাইক্রো (M) এবং ক্ষুদ্র (S) সাব-সেক্টরের যেসকল প্রতিষ্ঠান ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় উল্লিখিত সংজ্ঞানুযায়ী জনস্বার্থ সংস্থা হিসেবে বিবেচিত হবে, যেসকল প্রতিষ্ঠানের ঋণ অনুমোদন/নবায়নের সময় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস কর্তৃক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং স্টেকহোল্ডারদের জন্য প্রণীত Statutory Audit Report গ্রহণ করে তা বাধ্যতামূলক আগামী ০১ জানুয়ারী ২০২৫ তারিখ হতে যথাযথভাবে ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে।

০৪। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ০৬.০২.২০২৩ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪ অপর পৃষ্ঠায় হুবহু পনঃপ্রদর্শন করা হলো। এমতাবস্থায়, সার্কুলার লেটারের নির্দেশনা পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত


(মোহাম্মদ মাসুদ হাফিজ)
উপমহাব্যবস্থাপক


ফোনঃ ০২-২২৩৩৮৮৯৮

নং-বিকেবি-প্রকা/ক্রেবি-শাখা-০১/৩(৭)/২০২২-২৩/ ২০৫৫ (১২৫০)

তারিখঃ এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


১৯/০২/২০২৩
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

০৬ ফেব্রুয়ারি ২০২৩

তারিখ: -----

২৩ মাঘ ১৪২৯

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ঋণ অনুমোদন/নবায়নে নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ
এবং ঋণ ফাইলে যথাযথভাবে সংরক্ষণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-৩১, তারিখ: ২৯ জুন ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। বিআরপিডি সার্কুলার লেটার নং-৩১/২০২১ এর মাধ্যমে CMSME সেক্টরের কটেজ (C), মাইক্রো (M) এবং ক্ষুদ্র (S) সাব-সেক্টরের যেসকল প্রতিষ্ঠান ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় উল্লিখিত সংজ্ঞানুযায়ী জনস্বার্থ সংস্থা হিসেবে বিবেচিত হবে, সেসকল প্রতিষ্ঠানের ঋণ অনুমোদন/নবায়নের সময় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ কর্তৃক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং স্টেকহোল্ডারদের জন্য প্রণীত Statutory Audit Report গ্রহণ করে তা বাধ্যতামূলকভাবে ০১ জানুয়ারি ২০২৩ তারিখ হতে যথাযথভাবে ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।
- ৩। এক্ষণে, বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় এবং CMSME সেক্টরে ঋণের প্রবাহ বৃদ্ধির মাধ্যমে দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডকে গতিশীল করার লক্ষ্যে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, CMSME সেক্টরের কটেজ (C), মাইক্রো (M) এবং ক্ষুদ্র (S) সাব-সেক্টরের যেসকল প্রতিষ্ঠান ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় উল্লিখিত সংজ্ঞানুযায়ী জনস্বার্থ সংস্থা হিসেবে বিবেচিত হবে, সেসকল প্রতিষ্ঠানের ঋণ অনুমোদন/নবায়নের সময় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ কর্তৃক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং স্টেকহোল্ডারদের জন্য প্রণীত Statutory Audit Report গ্রহণ করে তা বাধ্যতামূলকভাবে আগামী ১ জানুয়ারি ২০২৫ তারিখ হতে যথাযথভাবে ঋণ ফাইলে সংরক্ষণ করতে হবে।
- ৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২